**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের জানুয়ারি-২০২৪ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | খলিল আহমদ, সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ | : | ২৮ জানুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : | সভাকক্ষ (ভবন নং ০৬, কক্ষ নং ১০১৭), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |

সভাপতি সভাকক্ষে উপস্থিত এবং ভিডিও কনফারেন্স (ZOOM) এ যোগদানকারী সকল-কে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট-খ-তে সংযুক্ত করা হলো। অত:পর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন-০২ অধিশাখা) জনাব মোঃ আসাদুজ্জামান আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। এর পরিপ্রেক্ষিতে, বিস্তারিত আলোচনার পর সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১.০ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন। | সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা অনুমোদন করার বিষয়ে সকলের সম্মতি গ্রহণ করা হয়। | পূর্ববর্তী সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | প্রশাসন অনুবিভাগ |
| ২.১ | **ডেঙ্গু প্রতিরোধ সংক্রান্ত আলোচনা (সরকারি নির্দেশনা অনুসরণ সাপেক্ষে)** | ডেঙ্গু প্রতিরোধে সকলকে আরও বেশি সচেতন হতে হবে। এ বিষয়ে দপ্তর/সংস্থার আঙ্গিনাসহ অফিস কক্ষসমূহ নিয়মিত পরিস্কার রাখার ওপর সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়া, কোভিড-১৯ এর সংক্রমনের হার পূর্বের তুলনায় একটু বেশি হওয়ায় সকলকে সচেতন থাকার জন্য সভায় মত প্রকাশ করা হয়। | (ক) ডেঙ্গু প্রতিরোধের লক্ষ্যে মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ সংস্থার আঙ্গিনাসহ অফিস কক্ষসমূহ নিয়মিত পরিস্কার রাখতে হবে; এবং<br>(খ) কোভিড-১৯ এর বিষয়ে সকলকে আরও বেশি সচেতন থাকতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা প্রধান এবং সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারী। |
| **২.২** | নিরীক্ষা বিষয়ক আপত্তি নিষ্পত্তি। | (ক) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার অডিট আপত্তিসমূহ দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রণালয়কে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য শিক্ষা অডিট অধিদপ্তরে পত্র দেওয়া হয়েছে; এবং<br>(খ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ ০২ মাসের মধ্যে ৮০% নিষ্পত্তি করার বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য দপ্তর/ সংস্থাকে পত্র দেওয়া হয়েছে মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন। | (১) মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য মন্ত্রণালয়ের বাজেট ব্যবস্থাপনা অধিশাখা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে;<br>(২) আগামী ০২ মাসের মধ্যে অডিট আপত্তির ৮০% নিষ্পত্তি করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব/ যুগ্মসচিব (বাজেট ব্যবস্থাপনা) ও সংশ্লিষ্ট শাখা কর্মকর্তাগণ এবং সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থা প্রধানগণ। |
| ২.৩ | বিভিন্ন মামলার তথ্য প্রদান সংক্রান্ত। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার চলমান/ অনিস্পন্ন মামলার প্রাপ্ত তথ্যাদি | **(ক) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার চলমান/** অনিস্পন্ন মামলার হালনাগাদ | অতিরিক্ত সচিব (সকল)/ মন্ত্রণালয়ের |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | **নির্ধারিত ছক মোতাবেক সভায় উপস্থাপন করা হয়। অনিস্পন্ন মামলা সমূহ দ্রুত নিস্পত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। যে সকল দপ্তর/সংস্থার মামলার সংখ্যা বেশি তাদের নিজ নিজ উদ্যোগে নিস্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের ওপর গুরুত্বারোপ করা হয়।**<br>**এছাড়া, মামলার হালনাগাদ তথ্যাদি সংগ্রহ করার ওপর গুরুত্বারোপ করা হয়। প্রয়োজনে তথ্য সংগ্রহের জন্য সংসদ ও আইন শাখা হতে পত্র জারি করার ওপর মত প্রকাশ করা হয়।** | তথ্যাদি নির্ধারিত ছক অনুযায়ী প্রতি মাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের সংসদ ও আইন শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে;<br>(খ) মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ সংস্থার অনিস্পন্ন মামলা (রীট সহ) দ্রুত নিস্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং<br>(গ) মামলার হালনাগাদ তথ্যাদি সংগ্রহ করার জন্য সংসদ ও আইন শাখা হতে পত্র জারি করতে হবে। | আওতাধীন সকল দপ্তর/সংস্থা প্রধানগণ/ যুগ্মসচিব (সংসদ ও আইন অধিশাখা) এবং উপসচিব (সংসদ ও আইন শাখা) সবিম। |
| ২.৪ | সবিম/দপ্তর/ সংস্থার আইন/ প্রবিধানমালা/ নীতিমালা প্রণয়ন/ সংশোধন | মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার যে সকল আইন/ প্রবিধানমালা/ নীতিমালা পেন্ডিং রয়েছে সেগুলোর সর্বশেষ অগ্রগতি প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। যে সকল দপ্তর/সংস্থার আইন ও প্রবিধানমালা চূড়ান্ত করার কাজ অসম্পূর্ণ আছে, যাচাই-বাছাই করে অতি দ্রুত সেগুলো চূড়ান্ত করার কার্যকর উদ্যোগ গ্রহণ করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন যে সকল দপ্তর/সংস্থার আইন, প্রবিধানমালা অথবা নীতিমালা সংশোধন/প্রণয়নের কাজ পেন্ডিং রয়েছে, সেগুলো চূড়ান্ত করার জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রধানগণ এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট উইং প্রধান যথাযথ উদ্যোগ গ্রহণ করবে। | অতিরিক্ত সচিব (সকল)/যুগ্মসচিব (সকল) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রধান/কমিটি/ শাখা/অধিশাখার কর্মকর্তাগণ |
| ২.৫ | পেন্ডিং বিষয় | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের কোন্ শাখায় কি কাজ হচ্ছে, এবং কতটি নথি চলমান আছে তার প্রতিবেদন প্রদানের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। যদি কারো কোনো বিষয় পেন্ডিং থাকে, সেগুলো দ্রুত নিস্পত্তি করতে হবে; এবং পেন্ডিং বিষয়ের তালিকা সমন্বয় সভার পূর্বেই সচিব বরাবর উপস্থাপনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) পেন্ডিং বিষয়সমূহ দ্রুত নিস্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং<br>(২) অনিস্পন্ন/পেন্ডিং বিষয়ের তালিকা প্রতিমাসের সমন্বয় সভার ০২দিন পূর্বে নির্ধারিত ছক অনুযায়ী এ মন্ত্রণালয়ের সচিব বরাবর উপস্থাপন করতে হবে। | সকল উইং প্রধান, সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রধানগণ এবং শাখা/অধিশাখায় কর্মরত কর্মকর্তাগণ। |
| ২.৬ | এ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার পদোন্নতিযোগ্য; এবং সরাসরি নিয়োগযোগ্য সম্ভাব্য শূন্য পদ পূরণ। | এ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার পদোন্নতিযোগ্য ও সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদের হালনাগাদ তথ্য নির্ধারিত ছক মোতাবেক প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার শূন্য পদসমূহ আগামী ০৩ মাসের মধ্যে পূরণের বিষয়ে দ্রুত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | (ক) এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়সহ আওতাধীন দপ্তর/ সংস্থার নিয়োগযোগ্য শূন্য পদ আগামী ০৩ মাসের মধ্যে পূরণ এবং পদোন্নতিযোগ্য পদে পদোন্নতি প্রদানের লক্ষ্যে দ্রুত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;<br>(খ) এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ সংস্থাসমূহে পদোন্নতিযোগ্য ও সরাসরি নিয়োগযোগ্য কোন ক্যাটাগরির কতগুলো পদ শূন্য রয়েছে তার হালনাগাদ তথ্য নির্ধারিত 'ছক' মোতাবেক প্রতি মাসের ১০ তারিখের মধ্যে অবশ্যই মন্ত্রণালয়ের প্রশাসন-২ অধিশাখায় প্রেরণ করতে | অতিরিক্ত সচিব (সকল)/ মন্ত্রণালয়ের আওতাধীন সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থা প্রধানগণ; এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা/অধিশাখার কর্মকর্তাগণ/ সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার, সবিম। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | | হবে এবং আগামী ০৩(তিন) মাসের মধ্যে শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। | |
| ২.৭ | বার্ষিক কর্মসম্পাদন বিষয়ক চুক্তির (APA) বাস্তবায়ন-অগ্রগতি | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর অগ্রগতির বিষয়ে গত ০৮ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ১০.৩০ টায় এপিএ সংক্রান্ত টিমের টিম লিডার/আহ্বায়ক অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করা হয়েছে।<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর অর্ধবার্ষিকীর অগ্রগতির বিষয়ে গত ১৬-০১-২০২৪ তারিখ সকাল ১০.৩০ টায় এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সংশ্লিষ্টদের নিকট প্রেরণ করা হয়েছে।<br>এছাড়াও, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এর ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর অর্ধবার্ষিকী প্রতিবেদন ২৪-০১-২০২৪ তারিখে এপিএএমএস সফটওয়্যারে দাখিল করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন।<br>সার্বিক বিষয় আলোচনান্তে APA-এর লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য **প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।** | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থ বছরের এপিএ, ইনোভেশন, শুদ্ধাচার, জিআরএস, সেবা প্রদান প্রতিশ্রুতি এবং তথ্য অধিকার আইন এর বিষয়ে APA-এর লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), APA কমিটি/ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ যুগ্মসচিব(অনুষ্ঠান)/ (প্রশাসন)/ মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখার সংশ্লিষ্ট কর্মকর্তা, সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার, আওতাধীন সকল দপ্তর/সংস্থা প্রধান এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক। |
| ২.৮ | ই-ফাইলিং কার্যক্রম | দাপ্তরিক কার্যক্রম ১০০% ই-নথিতে সম্পন্ন করার জন্য ইতোমধ্যে সকল শাখা/অধিশাখাকে নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তা সভায় উল্লেখ করেন। | সরকারি নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট সকলকে ই-নথিতে ১০০% কাজ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল)/দপ্তর/ সংস্থা প্রধানগণ, যুগ্মসচিব/উপসচিব (সকল অধিশাখা/ শাখা)/সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার, মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখার সংশ্লিষ্ট কর্মকর্তা এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ২.৯ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক সম্পাদিত সাংস্কৃতিক কর্মকান্ড। | (ক) মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা কর্তৃক যে সকল সাংস্কৃতিক কার্যক্রম সম্পন্ন করা হয় তার অডিও/ভিডিও মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদর্শন (আপলোড করা হচ্ছে) ও Youtube Channel-এ প্রচার করা হচ্ছে।<br>(খ) ক্ষুদ্র নৃগোষ্ঠির সাংস্কৃতিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক উদ্‌যাপিত বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের অডিও/ভিডিও ও তথ্যচিত্র মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদর্শন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>মন্ত্রণালয়ের সাংস্কৃতিক কার্যক্রম এর বিষয়টি ফেসবুক ও ইউটিউব লিংক এর মাধ্যমে আইসিটি শাখা সবাইকে অবহিত করছে মর্মে সভায় উল্লেখ করা হয়। | (ক) মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা কর্তৃক যে সকল সাংস্কৃতিক কার্যক্রম সম্পন্ন করা হয় তার অডিও/ভিডিও মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদর্শন (আপলোড করতে হবে), Youtube Channel-এ প্রচার করতে হবে ;<br>(খ) ক্ষুদ্র নৃগোষ্ঠির সাংস্কৃতিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক উদ্‌যাপিত বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের অডিও/ভিডিও ও তথ্যচিত্র মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদর্শন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে । | অতিরিক্ত সচিব (সকল)/যুগ্মসচিব (অনুষ্ঠান), সবিম/মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধানগণ/ সিস্টেম এনালিস্ট/ প্রোগামার এবং সংশ্লিষ্ট শাখা/ অধিশাখার কর্মকর্তা। |
| ২.১০ | শাখা/অধিশাখা/ দপ্তর/সংস্থা পরিদর্শন সংক্রান্ত। | (ক) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তা কর্তৃক মন্ত্রণালয়ের শাখা/ অধিশাখা/দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থা পরিদর্শন সংক্রান্ত তথ্য সভায় উপস্থাপন করা হয়।<br>(খ) এ মন্ত্রণালয়ের শাখা-৬ হতে গত ১৭-০১-২০২৪ তারিখের পত্রে সারা দেশের বিভাগীয় পর্যায়ের প্রত্নতাত্ত্বিক সাইটসমূহ সরেজমিনে পরিদর্শন করার জন্য মন্ত্রণালয়ের ০৮ জন কর্মকর্তাকে ০৮ টি বিভাগ পরিদর্শন করে সচিব মহোদয় বরাবর রিপোর্ট দাখিল করার জন্য অনুরোধ করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া প্রতি মাসের শেষে শাখা পরিদর্শনের প্রতিবেদন সচিব মহোদয় বরাবর দাখিল করার ওপর গুরুত্বারোপ করা হয়। | (ক) সচিবালয় নির্দেশমালা অনুযায়ী সকল কর্মকর্তা-কে তার শাখা/ অধিশাখা/দপ্তর/সংস্থা পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে। শাখা পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদনে পেন্ডিং (মন্ত্রণালয়ের নিকট দপ্তর/ সংস্থার পেন্ডিং এবং দপ্তর/সংস্থার নিকট মন্ত্রণালয়ের পেন্ডিং) এর তথ্য উল্লেখ করতে হবে; এবং<br>(খ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তা কর্তৃক উন্নয়ন প্রকল্প পরিদর্শনের প্রতিবেদন এ মন্ত্রণালয়ের সচিব বরাবর উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল)/যুগ্মসচিব (সকল), মন্ত্রণালয়ের আওতাধীন সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থা প্রধানগণ এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা/ অধিশাখার কর্মকর্তাগণ। |
| ২.১১ | বাংলাদেশ সচিবালয়ের অভ্যর্থনা কক্ষ, ঢাকা শহরে অবস্থিত বৃদ্ধাশ্রম, সরকারি বাসভবন, বাসষ্টেশনসমূহ, রমনা পার্কসহ উল্লেখযোগ্য উন্মুক্ত বিনোদন কেন্দ্রসমূহ এবং কিশোর সংশোধন কেন্দ্রে লাইব্রেরী স্থাপন সংক্রান্ত । | মন্ত্রণালয়ে অনুষ্ঠিত গত ৩১-০৫-২০২৩ তারিখের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা হতে একটি আন্তঃমন্ত্রণালয় সভা আহ্বান করবে মর্মে পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র সভাকে অবহিত করেন।<br>ফেব্রুয়ারি-২০২৪ মাসের মধ্যে আন্ত:মন্ত্রণালয়ের সভার কার্যক্রম সম্পন্ন করার ওপর সভায় গুরুত্বারোপ করা হয়। | **(ক) বাংলাদেশ সচিবালয়ের অভ্যর্থনা কক্ষ, ঢাকা শহরে অবস্থিত বৃদ্ধাশ্রম, সরকারি বাসভবন, বাসষ্টেশনসমূহ, রমনা পার্কসহ উল্লেখযোগ্য উন্মুক্ত বিনোদন কেন্দ্রসমূহ এবং কিশোর সংশোধন কেন্দ্রে মিনি লাইব্রেরী স্থাপনের বিষয়ে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা একটি আন্তঃমন্ত্রণালয় সভা আহ্বানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।**<br>**(খ) ফেব্রুয়ারি-২০২৪ মাসের মধ্যে আন্ত:মন্ত্রণালয়ের সভার কার্যক্রম সম্পন্ন করতে হবে।** | মহাপরিচালক গণগ্রন্থাগার অধিদপ্তর/নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট/ যুগ্মসচিব (লাইব্রেরী অধিশাখা)/, পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা; এবং মন্ত্রণালয়ের উপসচিব/সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ২.১২ | বিভাগীয় বইমেলা ও সাংস্কৃতিক উৎসব। | ঢাকা, রাজশাহী, ময়মনসিংহ, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগে বিভাগীয় বইমেলা সম্পন্ন হয়েছে। অবশিষ্ট বিভাগগুলোতে বইমেলা আয়োজনের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয়।<br>ফেব্রুয়ারি-মার্চ/২০২৪ মাসের মধ্যে অবশিষ্ট বিভাগগুলোতে বিভাগীয় বইমেলা ও সাংস্কৃতিক উৎসব আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ওপর সভায় গুরুত্বারোপ করা হয়। | ফেব্রুয়ারি-মার্চ/২০২৪ মাসের মধ্যে অবশিষ্ট বিভাগগুলোতে বিভাগীয় বইমেলা ও সাংস্কৃতিক উৎসব আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (অনুষ্ঠান অধিশাখা)/ যুগ্মসচিব (লাইব্রেরী অধিশাখা)/ উপসচিব অনুষ্ঠান শাখা/সংশ্লিষ্ট কর্মকর্তা, সবিম। |
| ২.১৩ | অর্থ বিভাগের পরিপত্র (সাম্প্রতিক বিষয়সমূহ) | জাতীয় স্বার্থে নিম্নবর্ণিত বিষয়াদির ওপর গুরুত্ব সহকারে বিস্তারিত আলোচনা করা হয়;<br>(ক) বিদ্যুতের ব্যবহার ২৫% হ্রাসকরণ;<br>(খ) সকল দপ্তরের জ্বালানী ব্যয় বাবদ ২০ % কমানো;<br>(গ) একান্ত আবশ্যক না হলে ভার্চুয়ালি সভা আয়োজন করা;<br>(ঘ) কাগজ, কালিসহ আনুষাঙ্গিক ব্যয় হ্রাসকরণে ই-নথি ব্যবহার করণ;<br>(ঙ) বিদেশ গমন সীমিতকরণসহ ;<br>(চ) অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী সরকারি নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সভাকে অবহিত করেন। | সংশ্লিষ্ট সকলকে অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী সরকারি নির্দেশনা মেনে চলতে হবে। | অতিরিক্ত সচিব (সকল)/ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা প্রধানগণ এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সকল শাখা/অধিশাখার কর্মকর্তাগণ। |
| **৩.০** | **সৃজনশীল কর্ম** | **নির্দেশনাসমূহ** | | |
| ৩.১ | (ক) প্রত্নসম্পদের রেপ্লিকা তৈরি | বাংলাদেশের প্রত্নসম্পদ নিয়ে কাঠের ছোট ছোট রেপ্লিকা তৈরি এবং প্রস্তুতকৃত রেপ্লিকাগুলো বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং প্রত্নতত্ত্ব অধিদপ্তরে সংরক্ষিত থাকতে পারে মর্মেও সভায় মত প্রকাশ করা হয়। সংরক্ষিত রেপ্লিকা বিক্রয় করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ করা হয়। | বাংলাদেশের প্রত্নসম্পদ নিয়ে কাঠের ছোট ছোট রেপ্লিকা তৈরি করতে হবে এবং প্রস্তুতকৃত রেপ্লিকাসমূহ বিক্রির জন্য সংশ্লিষ্ট সকল পর্যায়ে সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| | (খ) জাতিতাত্ত্বিক জাদুঘর, মীর মশাররফ হোসেন স্মৃতি কেন্দ্র, বোট মিউজিয়াম, মিউজিক মিউজিয়াম ও মনীষীর মিউজিয়াম | **(১) চট্টগ্রামের জাতিতাত্ত্বিক জাদুঘর সংস্কার/উন্নয়নের লক্ষ্যে সংস্কার-সংরক্ষণ খাতে প্রায় ২৯,০০,০০০/- (উনত্রিশ লক্ষ) টাকা অনুমোদন দেয়া হয়েছে। অনুমোদিত কাজের টেন্ডার শেষে কার্যাদেশ প্রদান করা হয়েছে। অতিশীঘ্রই সংস্কার কাজ শুরু করা হবে। এছাড়া "প্রত্নতত্ত্ব অধিদপ্তরের গুরুত্বপূর্ণ পুরাকীর্তি ও জাদুঘরসমূহের সংস্কার-সংরক্ষণ ও উন্নয়ন" শীর্ষক** | (১) জাতিতাত্ত্বিক জাদুঘরের সংস্কার/ উন্নয়নমূলক কার্যক্রমের বিষয়টি তদারক করতে হবে।<br>(২) বোট মিউজিয়াম ও মিউজিক মিউজিয়াম প্রতিষ্ঠার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(৩) রাজবাড়ীর বালিয়াকান্দিস্থ মীর মশাররফ হোসেন স্মৃতি কেন্দ্রের | মহাপরিচালক, বাংলা একাডেমি/ মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি/ মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর/ মহাপরিচালক, গণগ্রন্থাগার |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | ডিপিপি তে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং নির্দেশনা মোতাবেক ডিপিপি পুনর্গঠনের কাজ চলমান রয়েছে।<br>মীর মশাররফ হোসেন স্মৃতিকেন্দ্রটি বাংলা একাডেমির প্রশাসন, মানবসম্পদ উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের একটি শাখা প্রতিষ্ঠান।<br>এই প্রতিষ্ঠানের জন্য কোনো জনবল ও অর্থ বরাদ্দ না থাকায় একাডেমির নিজস্ব অর্থায়নে এটি পরিচালিত হচ্ছে। তারপরও বাংলা একাডেমি এই শাখা প্রতিষ্ঠানটিকে পর্যটন, গবেষণা ও সাংস্কৃতিক বলয় হিসেবে গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করেছে। স্মৃতিকেন্দ্রটির সার্বিক উন্নয়নের জন্য একটি প্রকল্প গ্রহণের কার্যক্রম প্রক্রিয়াধীন। মীর মশাররফ হোসেন স্মৃতিকেন্দ্রের ন্যায় অন্য একটি শাখা প্রতিষ্ঠান বেগম রোকেয়া স্মৃতিকেন্দ্রের প্রস্তাবিত প্রকল্পের কার্যক্রম শুরু হওয়ার পরই মীর মশাররফ হোসেন স্মৃতিকেন্দ্র উন্নয়নের জন্য প্রকল্প হাতে নেয়া হবে মর্মে সভায় উল্লেখ করা হয়। | সার্বিক উন্নয়নের বিষয়ে সচেতন হতে হবে।<br>(৪) চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউটের সার্বিক উন্নয়নের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(৫) বাংলা একাডেমি, শিল্পকলা একাডেমি এবং জাতীয় জাদুঘরের নবনির্মিত বিভিন্ন কেন্দ্র/শাখা/ স্থাপনার সার্বিক কার্যক্রমের সচিত্র প্রতিবেদন পরবর্তী সভার পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | অধিদপ্তর |
| | (গ) ক্ষুদ্র নৃগোষ্ঠীর মেলা | ক্ষুদ্র নৃ-গোষ্ঠির সাংস্কৃতিক কেন্দ্র/ প্রতিষ্ঠানসমূহ বর্তমান সরকারের সময়ে কি কি উন্নয়ন কার্যক্রম করেছে তার প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উল্লিখিত বিষয়ে যাচাই-বাছাই সাপেক্ষে পুনরায় একটি প্রতিবেদন প্রস্তুতপূর্বক যথাসময়ে উপস্থাপন করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়া, তিন পার্বত্য জেলা ব্যতিত দেশের অন্যান্য জেলায় বসবাসকারী ক্ষুদ্র নৃগোষ্ঠিসমূহের প্রতিনিধিদের নিয়ে একটি সাংস্কৃতিক উৎসব/মেলা আয়োজনের ওপর সভায় আলোকপাত করা হয়। | (১) ক্ষুদ্র নৃগোষ্ঠির সাংস্কৃতিক কেন্দ্র প্রতিষ্ঠানসমূহ বর্তমান সরকারের সময়ে কি কি উন্নয়ন কার্যক্রম সম্পন্ন করেছে, তার পূর্ণাঙ্গ একটি প্রতিবেদন উপস্থাপন করতে হবে; এবং<br>(২) তিন পার্বত্য জেলা ব্যতিত দেশের অন্যান্য জেলায় বসবাসকারী ক্ষুদ্র নৃগোষ্ঠিসমূহের প্রতিনিধিদের নিয়ে একটি সাংস্কৃতিক উৎসব/মেলা আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (সাংস্কৃতিক ঐতিহ্য-০২)/ পরিমেয় ঐতিহ্য শাখা কর্মকর্তা, সবিম এবং ক্ষুদ্র নৃগোষ্ঠির সাংস্কৃতিক ইনস্টিটিউট/ প্রতিষ্ঠানসমূহের প্রধানগণ। |
| | (ঘ) জাতীয় পিঠা উৎসব-১৪৩০। | প্রথম বারের মতো সারাদেশে একযোগে জাতীয় পিঠা উৎসব-১৪৩০ (৩১ জানুয়ারি-১০ ফেব্রুয়ারি ২০২৪) আয়োজনের সার্বিক কার্যক্রম নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়া, আয়োজিতব্য পিঠামেলায় সকল মন্ত্রণালয়ের সচিব, এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার প্রধানগণ এবং সকল জেলা প্রশাসকের নিকট আমন্ত্রণপত্র প্রেরণ করার ওপর সভায় গুরুত্বারোপ করা হয়। | জাতীয় পিঠা উৎসব-১৪৩০ (৩১ জানুয়ারি-১০ ফেব্রুয়ারি ২০২৪) উদ্‌যাপনের নিমিত্ত সকল মন্ত্রণালয়ের সচিব, মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার প্রধানগণ এবং সকল জেলা প্রশাসকের নিকট আমন্ত্রণপত্র প্রেরণ করতে হবে। | মহাপরিচালক বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা/যুগ্মসচিব (অনুষ্ঠান অধিশাখা) এবং উপসচিব (অনুষ্ঠান)/ সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | (ঙ) মেগা প্রকল্পের আলোকচিত্র প্রদর্শনী | মেগা প্রকল্পসমূহের কার্যক্রম এবং বাস্তবায়ন অগ্রগতি নিয়ে পেইনটিং কর্মসূচি আরো উন্নতমানের করার বিষয়ে আলোচনা করা হয়। | মেগা প্রকল্পসমূহের কার্যক্রম এবং বাস্তবায়ন অগ্রগতি নিয়ে উন্নতমানের পেইনটিং ও আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করতে হবে। | মহাপরিচালক বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা। |
| | (চ) জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সাহিত্যকর্ম ইংরেজি ভাষায় অনুবাদ। | জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সাহিত্যকর্ম ইংরেজি ভাষায় এবং কতিপয় গান আরবি ভাষায় অনুবাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং এ বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সাহিত্যকর্ম ইংরেজি ভাষায় এবং কতিপয় গান আরবি ভাষায় অনুবাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী পরিচালক কবি নজরুল ইনস্টিটিউট, ঢাকা। |
| | **(ছ) ওয়েবসাইট/ অনলাইনের মাধ্যমে চিঠিপত্র নিষ্পত্তিকরণ।** | মন্ত্রণালয়ের সকল চিঠিপত্র ওয়েবসাইটের মাধ্যমে বিতরণ করার উদ্যোগ গ্রহণ করতে হবে। আগামী ০৩ মাসের মধ্যে ৯০% চিঠিপত্র ওয়েবসাইটের মাধ্যমে বিতরণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সাথে এ মন্ত্রণালয়ের আইসিটি সেল নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখবে মর্মে সভায় নির্দেশনা প্রদান করা হয়। | মন্ত্রণালয়ের সকল চিঠিপত্র ওয়েবসাইটের মাধ্যমে বিতরণ করার বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। এছাড়াও, নিরবচ্ছিন্ন ইন্টারনেট সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ সকল দপ্তর সংস্থা প্রধান এবং আইসিটি সেল, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ঢাকা। |
| | (জ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটের বাংলা কনটেন্ট-কে ইংরেজিতে রূপান্তর | বাংলা একাডেমি কর্তৃক সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটের বাংলা কনটেন্ট-কে যথাযথভাবে ইংরেজিতে রূপান্তরের কার্যক্রম চূড়ান্ত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উল্লিখিত কনটেন্ট আরো যাচাই-বাছাইপূর্বক ব্যবহার উপযোগী করে তোলা প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করা হয়। তবে উক্ত কার্যক্রম একুশে বইমেলার পরে সম্পন্ন করা যেতে পারে মর্মেও সভায় মত প্রকাশ করা হয়। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটের বাংলা কনটেন্ট-একুশে বইমেলার পরে চূড়ান্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ মহাপরিচালক, বাংলা একাডেমি |
| ৩.২ | মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা | মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী মাসিক সমন্বয় সভায় মন্ত্রিসভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত পর্যালোচনাপূর্বক বাস্তবায়ন ত্বরান্বিত করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রিসভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সংশ্লিষ্ট সকল-কে যথাসময়ে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), সবিম, সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থা প্রধান এবং সংশ্লিষ্ট শাখা/অধিশাখায় কর্মরত সকল কর্মকর্তা। |

৪.০ নির্ধারিত সকল বিষয় আলোচনার পর সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
৫/২/২৪
**(খলিল আহমদ)**
সচিব।

স্মারক: ৪৩.০০.০০০০.১১২.০৬.০০১.২৪.**১২৬**

তারিখ: ২৩ মাঘ ১৪৩০
০৬ ফেব্রুয়ারি ২০২৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৩। যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সিনিয়র সহকারী সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সিনিয়র সহকারী সচিব ও ডিডিও, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৯। সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সহকারী সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**দপ্তর/অধিদপ্তর/সংস্থা প্রধান (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, সেগুনবাগিচা, ঢাকা।
০২। মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা।
০৩। মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
০৪। মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।
০৫। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
০৬। মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
০৭। নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট, কবি ভবন, ধানমন্ডি, ঢাকা।
০৮। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট, বর্ধমান হাউজ, বাংলা একাডেমি, রমনা, ঢাকা।
০৯। রেজিস্ট্রার অব কপিরাইট, কপিরাইট অফিস, শেরেবাংলা নগর, ঢাকা।
১০। পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়নগঞ্জ।
১১। পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, বঙ্গাবন্ধু এভিনিউ, ঢাকা।
১২। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠির কালচারাল একাডেমী, বিরিশিরি, নেত্রকোনা।
১৩। পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার।
১৪। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠির সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান।
১৫। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠির সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি।
১৬। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠির সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।
১৭। পরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠির কালচারাল একাডেমী, রাজশাহী।
১৮। পরিচালক, মনিপুরি ললিতকলা একাডেমী, মৌলভীবাজার।
১৯। অফিস কপি/গার্ড ফাইল।

০৬/০২/২৪
(মোঃ আসাদুজ্জামান)
যুগ্মসচিব
ফোন: ৫৫১০০৪৯৪
e-mail: ds_admin2@moca.gov.bd